


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উদ্ভিদ সংরক্ষণ উইং  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং-১২.০১.০০০০.০১০.৩৯.১০৫.১৯- ৩১৬(২০)

তারিখঃ- ০৬/০২/২২

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালাইনাশক আইন ২০১৮ এর ধারা-৯ অনুযায়ী বালাইনাশক ব্র্যান্ডের নিবন্ধন প্রাপ্ত ব্যক্তি লাইসেন্স গ্রহণ ব্যতীত নিবন্ধিত ব্র্যান্ডের বালাইনাশক আমদানী, উৎপাদন, তৈরী, মোড়কজাত, পুনঃমোড়কজাত, বিক্রয়, বাণিজ্যিক ভিত্তিতে কীটপতঙ্গ নিয়ন্ত্রণ করার পদ্ধতি পরিচালনা এবং বিজ্ঞাপন প্রচার করিতে পারিবেন না। বালাইনাশক ব্র্যান্ডের নিবন্ধন প্রাপ্ত ব্যক্তি অর্থাৎ উক্ত ব্র্যান্ডের লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য কেউ উক্ত বালাইনাশকের আমদানী, উৎপাদন, তৈরী, মোড়কজাত, পুনঃমোড়কজাত, বিক্রয় ও বাণিজ্যিক ভিত্তিতে কীটপতঙ্গ নিয়ন্ত্রণ করার পদ্ধতি পরিচালনা এবং বিজ্ঞাপন প্রচার করিতে পারিবেন না। কোন ব্যক্তি বালাইনাশক ব্র্যান্ডের নিবন্ধন ও লাইসেন্স গ্রহণ ব্যতীত উল্লেখিত কার্যক্রম পরিচালনা করিলে, বালাইনাশক আইন ২০১৮ এর ধারা ৩০ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এ ধরনের কর্মকাণ্ড পরিলক্ষিত হলে বালাইনাশক আইন-২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।



(মোঃ আবদুল মাজেদ)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোনঃ ০২-৯১৩১২৯৫



০৬/০২/২২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... (সকল অঞ্চল)।
- ৪। উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং; পত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৫। উপপরিচালক, ..... (সকল জেলা)। নির্দেশনা বাস্তবায়নের জন্য বলা হলো।
- ৬। উপজেলা কৃষি কর্মকর্তা, ..... (সকল)। নির্দেশনা বাস্তবায়নের জন্য বলা হলো।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রুপ প্রোটেকশন এসোসিয়েশন (বিসিপিএ), ফার্মগেট, ঢাকা। আপনার সকল সদস্যদের অবগতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।